# গোদাগাড়ী উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ- জনাব, মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ গোদাগাড়ী, রাজশাহী

স্থান ঃ- মহিলা ভাইস চেয়ারম্যান'র কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী

তারিখ ঃ- ২৬ অক্টোবর ২০২১, সময়- সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', তে সন্নিবেশিত

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ পূর্ববর্তী সভার কার্যাবিবরণী পঠন ও অনুমোদনঃ

সভাপতির অনুমতিক্রমে পূর্ববতী সভার কার্যাবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যাবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২.০ উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত কমিটির আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ ঃ

| কমিটির নাম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত কমিটির আলোচনা | আরোচনা ঃ ০১ সদস্য সচিব অত্র সভাকে জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় বৃক্ষরোপন আন্দোলনকে আরও বেগবান, ব্যাপক গণসচেতনতা সৃষ্টি, আরও প্রতিযোগীতামূলক, উৎসাহব্যঞ্জক এবং অধিক সংখ্যক জনগণকে সম্পৃক্ত করার লক্ষ্যে পরিবেশ ও বন মন্ত্রনালয় একটি নীতিমালা প্রনয়ন করেন। উক্ত নীতিমালার আলোকে "বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২১" প্রদানের নিমিত্তে স্থানীয় পর্যায়ে ও জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জনসাধারনের মধ্যে এবং সরকারী-বেসরকারী, স্বেচ্ছাসেবী সংস্থা, অধিদপ্তর,প্রতিষ্ঠানে ১০(দশ)টি শ্রেণীতে উপজেলা পরিষদ সমনয় কমিটিতে নির্ধারিত সময় পার হয়ে গেলেও গোদাগাড়ী উপজেলা হতে কোন শ্রেণীতেই পুরস্কারের আবেদন পাওয়া যায় নাই। | ০১"বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২১" প্রদানের জন্য এ বছর গোদাগাড়ী উপজেলা হতে কোন শ্রেণীতেই কোন আবেদন পত্র না পাওয়ায় জন্য অত্র সভায় দুঃখ প্রকাশ করা হয়। পরবর্তী বছর প্রত্যেকটি শ্রেণীতেই যেন আবেদনপত্র পাওয়া যায়, সে জন্য ও সহযোগীতা প্রদানসহ অত্র সভায় সর্ব সম্মতিক্রমে জেলা কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ২। উপজেলা বন বিভাগীয় বিভিন্ন ধরনের সেবা কার্যক্রমে সহযোগিতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, (সকল) |

অত্র কমিটির সদস্য-সচিব সভায় জানান যে, উপজেলা বন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, মুজিব বর্ষ উপলক্ষে বিনামূল্যে ২০,৩২৫টি ফলজ, বনজ ও ঔষধি চারা নেতা-কর্মীদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে ও ফরাদপুর নির্মল চরে ১০.০০ হেক্টর বাগান সৃজন (প্রস্তাবিত) এবং গোদাগাড়ী উপজেলায় খাড়ি ষ্ট্রিপ বাগান সৃজন ৫০.০০ কিঃমিঃ (প্রাস্তাবিত) এছাড়া তার দাপ্তরিক সকল কার্যাদি সুষ্ঠু

উপজেলা কৃষি অফিসার ও সদস্য, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, চলতি মাসে ২৪৬৯৫ হেক্টর জমিতে আমনধান রোপন সম্পন্ন হয়েছে। খরিফ-১ মৌসুমের মুগ, তিল সহ বিভিন্ন শাকসবজি, ভুট্টা, পাট কর্তন চলমান রয়েছে এবং ফলন আশানুরুপ হচ্ছে। কৃষক পরামর্শ আইএফএমসি প্রকল্পের আওতায় এফএফ দের মধ্যে কৃষক মাঠ স্কুলের কার্যক্রম চলমান রয়েছে। রাজস্ব খাত প্রকল্পের রোপা আমন প্রর্দশনীর বাস্তবায়ন করা হয়েছে। এনএটিপি-২ প্রকল্পের আওতায় সিআইজিভূক্ত চাষী সহ অন্যান্য প্রকল্পের বিভিন্ন প্রদর্শনী বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। চার ফসল শস্য বিন্যাস প্রকল্পের আমন ধান ও ভার্মি পম্পোস্ট এর

প্রদর্শনী স্থাপন করা হয়েছে বিভিন্ন ফসলের রোগ বালাই মাটির স্বাস্থ্য রক্ষার্থে খামারজাত সার ও ভার্মি কম্পোষ্ট উৎপাদন এবং বিপিএইচ (ফরেন্ট পোকা) প্রতিরোধের বিষয়ে ব্যক্তিগত যোগাযোগ দলীয় আলোচনা মাধ্যমে চাষীদের বিভিন্ন পরামর্শ প্রদান করা হচ্ছে। কৃষক প্রশিক্ষণ কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় কৃষককে আগাম আবহাওয়ার পূর্বাভাস প্রদান করা হয়েছে। কৃষি প্রনোদনা খরিপ-২/২০২০-২১ মৌসুমে মাসকলাই প্রনোদনা কর্মসূচীর আওতায় ১০৯০জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ এবং ৭৫জন কৃষকের মাঝে প্রনোদনা কর্মসূচীর আওতায় শাক-সবজির বীজ বিতরণের জন্য অগ্রাধিকার তালিকা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নাই।

প্রস্তাবিত সিদ্ধান্ত ঃ উপজেলায় বিভিন্ন এলাকায় নভেল করোনা ভাইরাস রোধ কল্পে সঠিক ভাবে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য মাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/১০/২১

(মোসাঃ সুফিয়া খাতুন)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা বন কর্মকর্তার কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং- উ.সা.ব.বাকে/২০২১/গোদা/৩৩- ৪২ তারিখ ঃ ২৬ অক্টোবর ২০২১

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) ঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী
০২। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
০৩। চেয়ারম্যান, গোগ্রাম ইউনিয়ন পরিষদ, সদস্য, উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত কমিটি
০৪। চেয়ারম্যান, পাকড়ী ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত কমিটি
০৫। উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত কমিটি
০৬। উপজেলা বন কর্মকর্তা ও সদস্য-সচিব, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি
০৭। অফিস কপি

উপজেলা বন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

# ২৬ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটির সভায়
# উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্র: নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, গোগ্রাম ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, পাকড়ী ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৪ | উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৫ | উপজেলা উপজেলা বন কর্মকর্তা, সদস্য- সচিব, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য-সচিব | |